বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।
Email:dgmrecovery@Krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন ফোনঃ
০২২২৩৩৮৩১৬৫

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২৬-২০২৭/৩৬ তারিখঃ ১৩ জুলাই ২০২৬

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

***বিষয়ঃ ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার প্রণয়ন এবং ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ ও ঋণ আদায় মহাক্যাম্প আয়োজন প্রসংগে।***

প্রিয় মহোদয়

বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০২৫-২০২৬ অর্থবছরে শ্রেণিকৃত ও শ্রেণিযোগ্য ঋণ আদায়, ৫২-স্থগিত সুদ আয়খাতে স্থানান্তর এবং অবলোপনকৃত ঋণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণে ২০২৫-২০২৬ অর্থবছর শেষে অত্র ব্যাংকের লোকসানের পরিমাণ কাঙ্ক্ষিত পর্যায়ে নামিয়ে আনা সম্ভব হয়নি, যা কোনভাবেই কাম্য ছিল না।

০২। ব্যাংকের স্বার্থ অক্ষুন্ন রাখা, আর্থিক ভিত্তি মজবুত করা ও আয় বৃদ্ধি এবং শ্রেণিকৃত ঋণসহ বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিতকরণের লক্ষ্যে বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ একান্ত আবশ্যক।

০৩। ব্যাংকের আর্থিক ভিত্তি শক্তিশালীকরণ এবং পুনঃবিনিয়োগযোগ্য তহবিল বৃদ্ধির অন্যতম প্রধান উপাদান হলো যথাসময়ে ঋণ আদায়। এ লক্ষ্য অর্জনে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের পরিকল্পিত ও বাস্তবভিত্তিক কর্মপন্থা অনুসরণ অত্যন্ত জরুরি। পুনঃবিনিয়োগ উপযোগী তহবিল নিশ্চিত করা, শ্রেণিকৃত ঋণ হ্রাস ও নগদ আদায় বৃদ্ধি করতে বার্ষিক ঋণ আদায় কার্যক্রমকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করতে হবে। এই উদ্দেশ্যে, চলতি ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার নিম্নরূপে প্রণয়ন করা হলো:

(ক) ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণের সময়কাল ও ঋণ আদায় মহাক্যাম্প আয়োজনের তারিখ ঃ

| ক্রঃনং | মাসের নাম | মহাক্যাম্প/বিশেষ কর্মসূচি আয়োজনের তারিখ | অনুষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ০১ | জুলাই, ২০২৬ | ২৯ জুলাই, ২০২৬ | মহাক্যাম্প |
| ০২ | আগস্ট, ২০২৬ | ১৯ আগস্ট, ২০২৬ | মহাক্যাম্প |
| ০৩ | সেপ্টেম্বর, ২০২৬ | ০৯ সেপ্টেম্বর, ২০২৬ | মহাক্যাম্প |
| | | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ | মহাক্যাম্প |
| ০৪ | অক্টোবর, ২০২৬ | ১৪ অক্টোবর, ২০২৬ | মহাক্যাম্প |
| ০৫ | নভেম্বর, ২০২৬ | ০৪ নভেম্বর, ২০২৬ | মহাক্যাম্প |
| | | **১৬ হতে ১৯** নভেম্বর, ২০২৬ | **নবান্ন উৎসব** |
| ০৬ | ডিসেম্বর, ২০২৬ | ০৯ ডিসেম্বর, ২০২৬ | মহাক্যাম্প |
| | | ২৩ ডিসেম্বর, ২০২৬ | মহাক্যাম্প |
| ০৭ | জানুয়ারি, ২০২৭ | ২০ জানুয়ারি, ২০২৭ | মহাক্যাম্প |
| ০৮ | ফেব্রুয়ারি, ২০২৭ | ১৭ ফেব্রুয়ারি, ২০২৭ | মহাক্যাম্প |
| ০৯ | মার্চ, ২০২৭ | ২৪ মার্চ ২০২৭ | মহাক্যাম্প |
| | | ৩১ মার্চ ২০২৭ | মহাক্যাম্প |
| ১০ | এপ্রিল, ২০২৭ | **১৫** এপ্রিল, ২০২৭ | **শুভ হালখাতা** |
| | | ২৮ এপ্রিল, ২০২৭ | মহাক্যাম্প |
| ১১ | মে, ২০২৭ | ১২ মে, ২০২৭ | মহাক্যাম্প |
| | | **২৩ হতে ২৭ মে, ২০২৭** | **মধুমেলা** |
| ১২ | জুন, ২০২৭ | ০৯ জুন, ২০২৭ | মহাক্যাম্প |
| | | ২৩ জুন, ২০২৭ | মহাক্যাম্প |

(খ) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখাসমূহ উল্লেখিত মহাক্যাম্পের নির্ধারিত তারিখে মাঠকর্মীদের সমন্বয়ে শাখা প্রাঙ্গনে অথবা সুবিধাজনক স্থানে মহাক্যাম্পের আয়োজন করবে;

চলমান পাতা-০২

(গ) উল্লিখিত মহাক্যাম্প আয়োজনের দিন ছাড়াও ভৌগলিক তারতম্য ও ফসল কর্তনের সময়সীমার ভিত্তিতে প্রতি সপ্তাহে সুবিধাজনক দিন ও সময়ে ঋণ আদায়ের ক্যাম্প আয়োজন করবে;

(ঘ) উল্লেখ্য, উপরোক্ত ঋণ আদায় মহাক্যাম্প আয়োজনের নির্ধারিত তারিখ পরবর্তীতে সরকারী ছুটির আওতাভুক্ত হলে, সংশ্লিষ্ট দিনের ঋণ আদায় মহাক্যাম্প পরবর্তী কার্যদিবসে আয়োজন করতে হবে।

(ঙ) ১৬-১৯ নভেম্বর/২০২৬ নবান্ন উৎসব, ১৫ এপ্রিল/২০২৭ তারিখে শুভ হালখাতা এবং ২৩-২৭ মে/২০২৭ মধুমেলার মূল অনুষ্ঠান আয়োজন করতে হবে। উল্লেখ্য নবান্ন উৎসব, শুভ হালখাতা ও মধুমেলা অনুষ্ঠান আয়োজনে পরবর্তীতে প্রয়োজনীয় বিশদ নির্দেশনা প্রদান করা হবে।

০৪। ঋণ আদায় ক্যালেন্ডার মোতাবেক ঋণ আদায় মহাক্যাম্প আয়োজন এবং তা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে সর্বাধিক গুরুত্বারোপ করতে হবেঃ

(০১)ঋণ গ্রহীতাগণের তালিকা হালনাগাদকরণ;
(০২) নোটিশ জারীকরণঃ ডিউ ডেট রেজিস্টার হালনাগাদ করে প্রযোজ্য ক্ষেত্রে ডিমান্ড, লিগ্যাল ও বিশেষ নোটিশ জারীকরণ;
(০৩) ঋণ গ্রহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগ বৃদ্ধিকরণ;
(০৪) শ্রেণিকৃত ঋণ, শ্রেণিযোগ্য ঋণ, ও পুনঃতফসিলকৃত ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণ;
(০৫) শীর্ষ ২০/৫০/১০০ খেলাপি ঋণগ্রহীতাদের নিকট হতে বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে শাখা/অঞ্চল ও বিভাগীয় কার্যালয়ের ঋণগ্রহীতাদের সাথে প্রতি মাসে দ্বি-পাক্ষিক আলোচনা সভার আয়োজনপূর্বক খেলাপি ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
(০৬) ৫২-স্থগিত সুদবাহী শ্রেণিকৃত ঋণ, পুনঃতফসিলকৃত ঋণ ও অবলোপনকৃত ঋণ আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ;
(০৭) তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ ও তামাদি রোধকরণ এবং ভূয়া ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিতকরণ পূর্বক ব্যাংকের ক্ষতি হ্রাসকরণ;
(০৮) অর্থ ঋণ আদালত/সার্টিফিকেট আদালতে দায়েরকৃত মোকদ্দমা নিষ্পত্তিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
(০৯) সুদবিহীন ও স্বল্প সুদবাহী আমানত সংগ্রহকরণ;
(১০) লাভজনক খাতে ঋণ বিতরণ নিশ্চিতকরণ।

০৫। ঋণ আদায় কার্যক্রমে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে সম্পৃক্তকরণঃ উল্লিখিত ঋণ আদায় মহাক্যাম্প সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী এবং শাখা পর্যায়ে শাখা ব্যবস্থাপকগণ প্রত্যেক মাঠকর্মী সহ শাখায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের সম্পৃক্ত করতে হবে।

০৬। মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক ঋণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ শাখাসমূহ কর্তৃক আয়োজিত ক্যাম্প/মহাক্যাম্প সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনে নির্দেশনা প্রদানের বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বিশেষভাবে গুরুত্বারোপ করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়ের সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে উল্লিখিত ঋণ আদায়ের বিশেষ কর্মসূচিসমূহ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্পে উপস্থিত থাকবেন। ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন এবং ঋণ আদায় কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখা পর্যায়ে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতি পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগণ কর্তৃক ঋণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ উপরোক্ত বার্ষিক ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নের লক্ষ্যে প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগণ কর্তৃক নিয়মিতভাবে মাঠ কার্যালয়সমূহের কার্যক্রম তদারকি অব্যাহত রাখবেন।

০৮। উপর্যুক্ত অবস্থায়, ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য প্রণীত ঋণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প সফলভাবে আয়োজন করে ব্যাংকের সার্বিক কার্যক্রম গতিশীল ও জোরদারকরণ পূর্বক বার্ষিক ঋণ আদায়, বিতরণ ও আমানত সংগ্রহসহ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার ১০০% অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

Rasheid ১৩.৭.২৬

(মোঃ মামুনুর রশীদ)
মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২৬-২০২৭/৩৬ (০৯)

তারিখ ঃ ১৩ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি, স্টাফ কলেজ, ঢাকা।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

13/07/2026

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক